

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৪৭

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৮

০২ আগস্ট ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন

তারিখ: ০২.০৮.২০২১ খ্রিঃ, সময়: দুপুর ২.০০ টা

১। সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেত:

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

২। আজ ০২ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯:১৫ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

পাবনা, টাঙ্গাইল, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার, ময়মনসিংহ ও সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। ০২ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: সুস্পষ্ট লঘুচাপটি উত্তর প্রদেশ ও তৎসংলগ্ন এলাকায় বিরাজমান রয়েছে। মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, হরিয়ানা, সুস্পষ্ট লঘুচাপের কেন্দ্রস্থল, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের উত্তরাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।

পূর্বাভাস: রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা, বরিশাল ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন) : এই সময়ের শেষের দিকে বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৩.৫	৩৩.৭	৩২.০	৩৪.৫	৩৪.২	৩৪.৪	৩৩.৩	৩২.৩
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.৩	২৫.৪	২৪.৮	২৪.৮	২৬.৫	২৪.২	২৬.৫	২৬.২

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল শ্রীমঙ্গল ৩৪.৫° সেঃ এবং আজকের সর্বনিম্ন সৈয়দপুর ২৪.২° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

- ব্রহ্মপুত্র নদীর পানি সমতল স্থিতিশীল আছে, যমুনা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে। আগামী ৪৮ ঘন্টায় উভয় নদীর পানি সমতল স্থিতিশীল থাকতে পারে।
- গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে। আগামী ২৪ ঘন্টায় গঙ্গা নদীর পানি সমতল বৃদ্ধি পেতে পারে ও পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

৪ (ক)। ২৯ জুলাই, ২০২১ তারিখ থেকে আগামী ১০ দিনের সম্ভাব্য পূর্বাভাস:

- ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল আগামী ১লা আগস্ট পর্যন্ত স্থিতিশীল থেকে তারপর থেকে বৃদ্ধি পেতে পারে। আগামী ৭ দিনে আপাতত ব্রহ্মপুত্র নদীর অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি আগামী ৭ দিন অব্যাহত থাকতে পারে। আগামী ৭ দিনে আপাতত গঙ্গা নদীর অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।
- ঢাকার চারপাশের নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে। ঢাকার চারপাশের নদীসমূহের অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।

৪ (খ)। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০৯	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	৪৮	গেজ পাঠ পাওয়া যায়নি	ডাটা সংগ্রহ শুরু হয়নি (০১ টি)
হ্রাস	৫৫	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০৫	বিপদ সীমার উপরে	০

৪ (গ)। বিপদ সীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ১৮ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ/০২ আগস্ট ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদ সীমা (মিটার)	বিপদ সীমার উপরে (সে.মি.)
-	-	-	-	-	-	-

৫। বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বারিপাত (মিমি.)	স্টেশন	বারিপাত (মিমি.)	স্টেশন	বারিপাত(মিমি.)
লালাখাল	১৭৭.০	সিলেট	১১০.০	জামালপুর	১১০.০
শেওলা	৯৫.০	কানাইঘাট	৯৪.০	কক্সবাজার	৭৮.০.০
মহেশখোলা	৭০.০	জাফলং	৭০.০	ময়মনসিংহ	৬৮.০
কুষ্টিয়া	৬৮.০	মৌলভীবাজার	৬৬.০	বরগুনা	৬৬.০
সুনামগঞ্জ	৬৫.০	ঠাকুরগাঁও	৬০.০	লাটু	৫৫.০

৫(ক)। গত ২৪ ঘন্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	বারিপাত (মিমি.)	স্টেশন	বারিপাত (মিমি.)	স্টেশন	বারিপাত (মিমি.)
শিলচর	৫৪.০	দার্জিলিং	৪৫.০	শিলং	৪০.০

৬। অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ৩১ জুলাই ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ০৭ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	২	০	০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	০	০	০
৬।	চট্টগ্রাম	৩	০	০
৭।	খুলনা	১	০	০
৮।	রংপুর	০	০	০
	মোট	০৭	০	০

৭। অতিবৃষ্টি ও পাহাড় ধসঃ

৭ (ক) কক্সবাজারঃ জেলা প্রশাসক, কক্সবাজার এর ২৯/০৭/২০২১খ্রিঃ তারিখের ৫১.০১.২২০০.১১৭.৪১.০৫৪.২১-১৩৩৫ নং পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে, অতিবৃষ্টি ও পাহাড়ি ঢলের কারণে জেলার ৮ টি উপজেলার ৫১ টি ইউনিয়নের কমপক্ষে ৫১৮ টি গ্রাম আংশিকভাবে প্লাবিত হয়েছে। উক্ত প্লাবনে প্রায় ৭৬,৫০০টি পরিবারের বাড়িঘর আংশিকভাবে পানিতে ডুবে গেছে এবং তারা পানিবন্দি হয়ে পড়েছেন। এখানে উল্লেখ্য যে, নিজ ঘরের মাটির দেয়াল এ পাহাড় ধসে ১৩ জন এবং প্রবল স্রোতের টানে পানিতে নিখোঁজ হয়ে ৭ জন মৃত্যুবরণ করেছেন (টেকনাফ উপজেলায় ৬ জন, মহেশখালী উপজেলায় ২ জন, রোহিংগা ক্যাম্পে ৫ জন, মাছ ধরতে গিয়ে সদর উপজেলায় ৩ জন, উখিয়া উপজেলায় ৩ জন, ৮ নং ক্যাম্পের ১ জন)। নিহতদের মধ্যে স্থানীয় জনগোষ্ঠীর ১৪ জনের পরিবারকে জেলা প্রশাসনের পক্ষ থেকে স্থানীয়ভাবে ২৫,০০০/- টাকা করে অনুদান দেয়া হয়েছে। নিহত অপর ৬ জনের বিষয়ে ক্যাম্প কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে জেলা প্রশাসকের টেলিফোনিক তথ্যে জানা যায়। ৫৭৬ টি আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে। তন্মধ্যে ৩৮ টি আশ্রয়কেন্দ্রে ৮,৫৬৫ টি পরিবার আশ্রয় গ্রহণ করেছেন। আশ্রয় গ্রহণকারীদের মাঝে রান্না করা

খাবার পরিবেশন করা হচ্ছে।

ইতোপূর্বে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১৫০ মেঃটন চাল ও ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পানিবন্দি পরিবারসমূহের মাঝে বিতরণ করা হয়েছে। ২৯.০৭.২০২১ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ৫০ মেঃটন চাল, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এবং ২০০ প্যাকেট শুকনো খাবার সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বরাবরে উপবরাদ্দ প্রদান করা হয়েছে এবং তা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।

৭ (খ) **বাগেরহাটঃ** জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট এর ২৯/০৭/২০২১ খ্রিঃ তারিখের ৫১.০১.০১০০.০০০.৪১.০০১.২১-৩১৬ নং স্মারক পত্রে জানানো হয়েছে যে, জেলার ৯ টি উপজেলা ৭৫ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভার অতিবৃষ্টিতে আংশিকভাবে ৪১৪ টি বাড়ি এবং সম্পূর্ণভাবে ৪১ টি বাড়ি বিধ্বস্ত হয়েছে। জেলার মোট ৩,৮৪৪ টি মৎস্য ঘের প্লাবিত হয়েছে। পানি নেমে যাচ্ছে বলে জানা গেছে। অতিবৃষ্টিতে ৮৩,৪০৮ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে যাদের মধ্যে ৮০০ জন মানুষ সাময়িক আশ্রয়কেন্দ্রে আশ্রয় গ্রহণ করেছিল। ইতোমধ্যে তারা নিজ নিজ গৃহে প্রত্যাবর্তন করেছে।

৮ (ক)। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে মানবিক সহায়তার কার্যক্রমঃ

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ২৯/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৯৩ নং স্মারকের মাধ্যমে কক্সবাজার জেলায় সাম্প্রতিক বন্যা ও পাহাড় ধসে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, কক্সবাজারের অনুকূলে ৫০মেঃ টন ত্রাণ কার্য (চাল) এবং ১০,০০,০০০/- (দশ লক্ষ) ত্রাণ কার্য (নগদ) এবং ২,০০০ প্যাকেট/বস্তা শুকনা ও অন্যান্য খাবারবরাদ্দ প্রদান করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ২৯/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৯৪ নং স্মারকের মাধ্যমে বান্দরবান জেলায় সাম্প্রতিক অতিবর্ষণ ওপাহাড়ী ঢলে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, বান্দরবানের অনুকূলে ৩০মেঃ টন ত্রাণ কার্য (চাল) এবং ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) ত্রাণ কার্য (নগদ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ২৯/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৯৫ নং স্মারকের মাধ্যমে কক্সবাজার জেলায় সাম্প্রতিক বন্যা ও পাহাড় ধসে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, কক্সবাজারের অনুকূলে ১০০মেঃ টন ত্রাণ কার্য (চাল) বরাদ্দ প্রদান করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ২৯/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৯৬ নং স্মারকের মাধ্যমে কোভিড-১৯ এর কারণে লকডাউন চলমান থাকায় 'সম্মিলিত সাংস্কৃতিক জোট, ছাত্র-শিক্ষক কেন্দ্র, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা' এর সদস্যদের মাঝে মানবিক সহায়তা প্রদানের নিমিত্ত জেলা প্রশাসক, ঢাকা এর অনুকূলে ৫০০ প্যাকেট/বস্তা শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ২৭/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৮৮ নং স্মারকের মাধ্যমে কোভিড-১৯ এর কারণে লকডাউন চলমান থাকায় নারায়ণগঞ্জ-১ নির্বাচনী এলাকায় মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর অনুকূলে নারায়ণগঞ্জ-১ (রূপগঞ্জ উপজেলার জন্য ১,০০০ এবং তারাব পৌরসভার জন্য ৫০০ প্যাকেট) সর্বমোট (১,০০০+৫০০)= ১,৫০০ (এক হাজার পাঁচশত) প্যাকেট/ বস্তা শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ প্রদান করা হয়েছে।

৮ (খ)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণঃ

ক্রঃ নং	ত্রাণ কার্যক্রমের নাম	বরাদ্দের পরিমাণ		
		চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ০১/০৮/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত)	বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত	মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত)
১	২	৩	৪	৫ (৩+৪)

১	৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা	-	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা
২	ব্রাণ কার্য (নগদ অর্থ)	২৮,১২,২৫,০০০/- (আটাশ কোটি বার লক্ষ পঁচিশ হাজার) টাকা	১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পাঁচশত এগার) টাকা	১০৩৯,১৫,৫৭,৫১১/- (এক হাজার উনচল্লিশ কোটি পনের লক্ষ সাতান্ন হাজার পাঁচশত এগারো) টাকা
৩	চাল	১,৪৩,৩১৫.৫১ (এক লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত পনের দশমিক পাঁচ এক) মে: টন	৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ) মেঃ টন	৫,৮৭,৮০৭.৫১ (পাঁচ লক্ষ সাতাশি হাজার আটশত সাত দশমিক পাঁচ এক) মে. টন
৪	শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম]	১৪,৮০০ (চৌদ্দ হাজার আটশত) প্যাকেট	৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট	৭,০২,৫০০ (সাত লক্ষ দুই হাজার পাঁচশত) প্যাকেট
৫	ঢেউটিন	-	৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল	৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল
৬	গৃহ নির্মাণ মঞ্জুরী	-	৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা	৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা

৮ (গ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (০১/০৮/২০২১ তারিখ পর্যন্ত):

ব্রাণ কার্য (নগদ অর্থ) টাকা	সকল জেলা (পৌরসভাসহ)	সকল সিটি করপোরেশন	সর্বমোট
উপকারভোগী পরিবার সংখ্যা	১,৫৭,৭৪৩ টি	৫,৮২৩ টি	১,৬৩,৫৬৬ টি
উপকারভোগী লোক সংখ্যা	৬,৮৭,৬৮৮ জন	২৮,৭৯৬ জন	৭,১৬,৪৮৪ জন

৯। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।



২-৮-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৪৭/১(১৭১)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



২-৮-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা